

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-১ অধিশাখা
www.mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১২৬.০৮.০০২.১৬-২৪৫

তারিখঃ ১২ জ্যৈষ্ঠ ১৪২৩
২৬ মে ২০১৬

প্রজ্ঞাপন

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০২ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ/১৬ মে, ২০১৬ খ্রিস্টাব্দ তারিখের নম্বর ০৫.০০.০০০০.১৪৭.৩৪.০০৪.১৫-১৫২ সংখ্যক প্রজ্ঞাপনের অনুবৃত্তিক্রমে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক গৃহীত ৩৪তম বি.সি.এস. পরীক্ষা, ২০১৩ এর ফলাফলের ভিত্তিতে কমিশনের ১৫/০৯/২০১৫ খ্রি. তারিখের ৮০.২০০.৬৪.০০.০০৬.২০১৪/১১৭ এবং ২৩/১১/২০১৫ খ্রি. তারিখের ৮০.২০০.০৬৪.০০.০০.০০৬.২০১৪(অংশ-৩)/১৬৯ সংখ্যক পত্রের সুপারিশক্রমে এ প্রজ্ঞাপনের ৩ নম্বর অনুচ্ছেদের ১৩ নম্বর উপানুচ্ছেদে বর্ণিত ৬৯ (উনসত্তর) জন উপজেলা মৎস্য কর্মকর্তাকে বাংলাদেশ সিভিল সার্ভিস (মৎস্য) ক্যাডারের প্রবেশপদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে টাকা ২২,০০০-৫৩,০৬০/- বেতনক্রমে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ/পদায়ন প্রদান করা হলো:

- (ক) তাঁকে লোক প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অথবা সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়াদী প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;
- (খ) উক্ত বুনিয়াদী প্রশিক্ষণ সমাপনান্তে তাঁকে তাঁর চাকরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেরূপ স্থির করবে সেদৃশ পেশাগত ও বিশেষ ধরনের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;
- (গ) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;
- (ঘ) উপানুচ্ছেদ (ক) ও (খ)-এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন, বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ এবং শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;
- (ঙ) উপানুচ্ছেদ (ক) এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরৎ দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;
- (চ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারি এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;
- (ছ) ৩৪তম বি.সি.এস. পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;
- (জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অর্জীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- (ঝ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;
- (ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;

চলমান পাতা-২

